# কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

২৩৭. কারোর ঘরে ঢুকার অনুমতি চাওয়ার সময় তাকে নিজ পরিচয় দিতে গিয়ে ’আমি’ বলে পরিচয় দেয়া

জাবির (রা.) থেকে বর্ণিত তিনি বলেন:

اسْتَأْذَنْتُ عَلَى النَّبِيِّ ﷺ فَقَالَ: مَنْ هَذَا؟ فَقُلْتُ: أَنَا، فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: أَنَا، أَنَا !!

“আমি নবী (সা.) এর নিকট ঢুকার অনুমতি চাইলে তিনি আমাকে উদ্দেশ্য করে জিজ্ঞাসা করলেনঃ কে ? আমি বললামঃ আমি। প্রত্যুত্তরে নবী (সা.) বললেনঃ আমি আমি!! তথা নবী (সা.) এ জাতীয় উত্তর অপছন্দ করলেন” ।[1]

শরীয়ত সম্মত নিয়ম হচ্ছে, অনুমতিপ্রার্থীর পরিচয় চাওয়া হলে সে তার সঠিক নামটি বলবে। চাই অনুমতিপ্রার্থী এক হোক বা একাধিক। কারণ, এমনো হতে পারে যে, অনুমতিদাতা একই অবস্থায় কাউকে অনুমতি দেওয়া পছন্দ করেন। আবার অন্যকে নয়।

>

## ফুটনোট

[1] (মুসলিম, হাদীস ২১৫৫)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11487

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন